

## যশোর বোর্ডে পাসের হার বেড়েছে কমেছে পরীক্ষার্থীর সংখ্যা

যশোর ব্যুরো : যশোর শিক্ষা বোর্ডে গত ৩ বছরের ব্যবধানে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা কমেছে। বেড়েছে পাসের হার। বোর্ডের কর্মসূচির আমিরুল আলম খান জানান, একেবারে খারাপ ছেলেমেয়েরা পরীক্ষায় অংশগ্রহণ করছে এখন বেশ কম। ফুলওলো পরীক্ষার ফল খারাপ হলে নানা ধরনের প্রেশুর নমস্যার মুখোমুখি হতে হবে- এ আশংকা থেকে ছাত্র-ছাত্রীদের সেখাপড়ার দিকে দৃষ্টি দিয়েছে আগের চেয়ে স্কুলী। সেজন্যই সাধারণত পাসের হার বাড়ছে। বোর্ড সূত্র জানায়, যশোর শিক্ষা বোর্ডে ২০০২ সালে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ২৩ হাজার ৭৮, পাসের হার ৫০ দশমিক ৭২, ২০০৩ সালে পরীক্ষার্থী ১ লাখ ১৮ হাজার ৯ জন, পাসের হার ছিল ৪৮ দশমিক ১৪, ২০০৪ সালে পরীক্ষার্থী ছিল ১ লাখ ৫ হাজার ৪৮ ৭৩ জন আর পাসের হার ছিল ৬৪ দশমিক ৫৯। এবার ২০০৫ সালে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ১ হাজার ৫৮ ৭৩। পাসের হার হয়েছে ৬৯ দশমিক ১৯।

**দাউদ পাবলিক স্কুল শীর্ষে**  
যশোর জেলার মধ্যে ক্যান্টনমেন্টের দাউদ পাবলিক স্কুল এবার শতকরা একশ' জগ পরীক্ষার্থী পাস করে এবং মোট ৪৩ জন জিপিএ-৫ পেয়ে শীর্ষস্থান অর্জন করতে সক্ষম হয়েছে। ফলাফল প্রকাশের পর স্কুল চত্বর শিক্ষক, অভিভাবক ও পরীক্ষার্থীদের এক মিলন মেলায় পরিণত হয়। বোর্ড সূত্র জানায়, দাউদ পাবলিক থেকে এবার মোট ৭৬ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষা দেয়। পাস করেছে ৭৬ জনই।

৩টি স্কুলের কেউ পাস করেনি  
এবার এসএসসি পরীক্ষায় ৩টি স্কুল থেকে কোন পরীক্ষার্থীই পাস করতে পারেনি। স্কুল ৩টি হচ্ছে বাগেরহাটের শরনবোনার ধানসাগর রাখালকী মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়া মীরপুরের কুমিরহাট মাধ্যমিক বিদ্যালয় ও নড়াইলের কালিয়া উপজেলার খরগিয়া সেকেন্ডারী স্কুল।